শিক্ষা মন্ত্রণালয়ের কাজের জবাবদিহিতা নিশ্চিত করতে চান শিক্ষামন্ত্রী

ঢাকা ১৪ জানুয়ারি ২০২৪

শিক্ষা মন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এমপি বলেছেন নতুন সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব দেয়ায় আমি মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন শেখ হাসিনার প্রতি বিশেষভাবে কৃতজ্ঞ। এবং সদ্য সাবেক সফল শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি এমপি মহোদয় অত্যন্ত সফলভাবে শিক্ষা মন্ত্রণালয় চালিয়েছেন তার প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করছি। মন্ত্রিপরিষদের সদস্যবৃন্দ, সংসদ সদস্যবৃন্দ, শিক্ষক, অভিভাবক, সাংবাদিক এবং সকল শ্রেনী পেশার মানুষের সহযোগিতা চান তিনি।

শিক্ষা মন্ত্রী আজ সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট অডিটোরিয়ামে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর সংস্থার প্রধানদের সাথে মত বিনিময়ের সময় এ কথা বলেন।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোলেমান খান এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব ড. ফরিদ উদ্দিন আহমদ। তাছাড়া ইউজিসির চেয়ারম্যান, বাংলাদেশ এক্রিডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকসহ শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন স্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন ২০০৯ সাল থেকে মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক গৃহীত শিক্ষা সংক্রান্ত সকল কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষা করে ২০৪১ সালের উন্নত, সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ গঠনে স্মার্ট প্রজন্ম সৃষ্টি করতে সকলে মিলে কাজ করবো। বর্তমান সরকারের নির্বাচনের ইশতিহারের অন্যতম লক্ষ্য

ভবিষ্যৎ প্রজন্মের কর্মসংস্থান নিশ্চিত করা। এই লক্ষ্যে সকলকে নিয়ে সুশাসন ও জবাবদিহিতা মূলক শিক্ষা খাত গড়ে তোলা এবং শিক্ষার রূপান্তরের কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য সকলের সহযোগিতা প্রত্যাশী করেন শিক্ষা মন্ত্রী

মোহাম্মদ আবুল খায়ের
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
মোবাইল নাম্বার: ০১৭১৬০৬৬৮৮৮